ভারতের বিপক্ষে প্রথম ওয়ানডেতে নেই তামিম-তাসকিন

ভারতের বিপক্ষে ঘরের মাটিতে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে যাচ্ছে বাংলাদেশ। রোববার (৪ ডিসেম্বর) মিরপুর শেরে বাংলা ক্রিকেট স্টেডিয়ামে প্রথম ওয়ানডেতে মাঠে নামবে এই দু’দল। তবে ইনজুরির কারণে প্রথম ওয়ানডেতে খেলা হচ্ছে না পেসার তাসকিন আহমেদের। অন্যদিকে শঙ্কা রয়েছে বাংলাদেশ ওয়ানডে দলের অধিনায়ক তামিম ইকবালকে নিয়েও।

ভারতের বিপক্ষে পুরো ওয়ানডে সিরিজে তাসকিনের খেলা নিয়ে রয়েছে শঙ্কা। আর তাই ‘এ’ দল থেকে ডাকা হয়েছে বাঁহাতি পেসার শরিফুল ইসলামকে। মূলত পিঠের চোটের কারণেই খেলা হচ্ছে না তাসকিন আহমেদের। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) একটি সূত্র বিষয়টি নিশ্চিত করেছে।

অন্যদিকে হাঁটুর ইনজুরির কারণে শঙ্কা রয়েছে ওয়ানডে অধিনায়ক তামিম ইকবালকে নিয়েও। বুধবার (৩০ নভেম্বর) অনুশীলনের সময় হাঁটুতে চোট পান তামিম। জাতীয় দলের প্রধান নির্বাচক মিনহাজুল আবেদিন নান্নু গণম্যাধ্যমকে জানান, তামিমের হাঁটুর ইনজুরি দেখা দিয়েছে। অন্তত ২ সপ্তাহ তার পক্ষে খেলা সম্ভব না। তামিমের স্ক্যান রিপোর্টের অপেক্ষা করছি। তার হাঁটুর ইনজুরি এবং খেলার ব্যাপারে সিদ্ধান্ত নিতে ফিজিশিয়ান তাকে স্ক্যান করতে বলেছেন।’

‘আর্জেন্টিনা ছিটকে গেলেও ব্রাজিল যেন বিশ্বকাপ পায়’

ল্যাতিন আমেরিকার দুই ফুটবল পরাশক্তি ব্রাজিল-আর্জেন্টিনা। শুধু তাই নয় ফুটবলে দুই চির প্রতিদ্বন্দ্বীও এই দুই দেশ। ব্রাজিল-আর্জেন্টিনার ম্যাচ মানেই দুইভাগে ভাগ হয়ে যায় ফুটবল বিশ্ব। আর্জেন্টিনার কেউ ব্রাজিলকে সাপোর্ট করেছে এমটা ইতিহাসে বিরল।

তবে সেই বিরল কাজটি করবেন আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনি।

কাতার বিশ্বকাপে নক আউট পর্ব নিশ্চিত করতে বুধবার (৩০ নভেম্বর) দিবাগত রাত ১ টায় ডু অর ডাই ম্যাচে পোল্যান্ডের বিপক্ষে মাঠে নামবে আর্জেন্টিনা। অন্যদিকে গ্রুপ পর্বের পর পর দুই ম্যাচ জিতে আগেই নক আউট পর্ব নিশ্চিত করেছে ব্রাজিল। পোল্যান্ডের বিপক্ষে হারলে বিদায় আর ড্র করলে তাকিয়ে থাকতে হবে গ্রুপের অন্য দলগুলোর ফলাফলের ওপর। মঙ্গলবার (২৯ নভেম্বর) পোল্যান্ডের বিপক্ষে ম্যাচের আগে সংবাদ সম্মেলনে যদি কোনো কারণে আর্জেন্টিনা বিশ্বকাপ থেকে ছিটকে যায় তাহলে ব্রাজিল যেন বিশ্বকাপ নিতে পারে বলে মন্তব্য করেছেন নিওনেল স্কালোনি।

তিনি বলেন, ‘আমি একজন দক্ষিণ আমেরিকান এবং আমি খুশি যে ব্রাজিল নক আউট নিশ্চিত করেছে। যদি কোনো কারণে আর্জেন্টিনা বিশ্বকাপ থেকে ছিটকে যায় তাহলে ব্রাজিল যেন বিশ্বকাপ নিতে পারে। যে কেউ অন্য কিছু ভাবলে ভুল করবেন। ব্রাজিল সত্যিই ভালো করছে এবং আমি তাদের অভিনন্দন জানাই।’

রাজনীতির দুই প্রতিপক্ষ মুখোমুখি ফুটবলের লড়াইয়ে

দুই দেশের রাজনৈতিক বৈরিতা নিয়ে লিখতে গেলে শেষ হয়ে যাবে পৃষ্ঠার পর পৃষ্টা। রাজনীতির ময়দান ছেড়ে দুই দেশ এবার মুখোমুখি ফুটবলের মাঠে। কাতার বিশ্বকাপে নক-আউটে ওঠার লড়াইয়ে বাংলাদেশ সময় আজ দিবাগত রাত ১ টায় মুখোমুখি হচ্ছে ইরান-যুক্তরাষ্ট্র।

আল-থুমাম স্টেডিয়ামে রাজনৈতিক দুই প্রতিদ্বন্দ্বীর ফুটবলের লড়াইয়ে মুখোমুখি হওয়ার আগে উত্তেজনা বিরাজ করছে দুই দলের মধ্যেই। দুই মহাদেশের দুই দলের লড়াইয়ে যে জিতবে সেই চলে যাবে নক-আউট রাউন্ডে। হেরে যাওয়া দলের বিশ্বকাপ যাত্র শেষ হয়ে যাবে প্রথম রাউন্ডেই। এমন ম্যাচে উত্তেজনা বিরাজ করবে সেটিই তো স্বাভাবিক, তার ওপর রাজনৈতিক দ্বন্দ্ব যেখানে চরম দুই দেশের মধ্যে।

তবে ফুটবলীয় লড়াইয়ের আগে রাজনৈতিক বৈরিতা নিয়া মাথা ঘামাতে চাননা যুক্তরাষ্ট্রের কোচ গ্রেগ বারহাল্টার। ইরানের বিপক্ষে ম্যাচ নিয়ে গণমাধ্যমকে তিনি জানিয়েছেন, ইরানের বিপক্ষে ‘মাস্টউইন’ ম্যাচে কোন রাজনীতি থাকবেনা।

আগের ম্যাচে ইংল্যান্ডের সঙ্গে ড্র করে আজকের ইরানের বিপক্ষে ম্যাচের উত্তেজনা আরও বাড়িয়ে দিয়েছে যুক্তরাষ্ট্র। আজকের ম্যাচে জয়ী দল পেয়ে যাবে শেষ ষোলোর টিকিট। ভু-রাজনীতিতে চির বৈরি দল দুটির মধ্যে এই ম্যাচটি হয়ে উঠেছে ১৯৯৮ বিশ্বকাপের পুনরাবৃত্তি। ওই ম্যাচে ২-১ গোলে জয়লাভ করেছিল ইরান। পরে ম্যাচটিকে ‘সব ফুটবলের মা’ বলে অভিহিত করা হয়েছিল।

আজকের ম্যাচ নিয়ে বারহাল্টার বলেন, ‘ইরান ও যুক্তরাষ্ট্রের সরকারের মধ্যে রাজনৈতিক উত্তেজনা থাকলেও সেটি মঙ্গলবারের ম্যাচে কোনো প্রভাব ফেলবে না। এর আগে আমি সুইডেনের কোচের দায়িত্ব পালন করেছি এবং ভিন্ন তিনটি দেশে খেলেছি। তবে ফুটবলের মূল মন্ত্র হচ্ছে আপনি খেলাধুলার কারণে বিশ্বের বিভিন্ন মানুষের সঙ্গে মিলিত হতে পারছেন।

যুক্তরাষ্ট্রের কোচ আরও বলেন, ‘আমি মনে করি, যেহেতু দুই দলই পরের পর্বে খেলতে চায়, তাই ম্যাচটি নিয়ে উত্তেজনার পারদ কিছুটা উর্দ্ধমুখী। এখানে রাজনীতি বা দুই দেশের বৈরি সম্পর্ক মুখ্য নয়। আমরা ফুটবল খেলোয়াড় এবং প্রতিযোগিতায় আমরা প্রতিদ্বন্দ্বিতা করতে যাচ্ছি কারণ তারাও (ইরান) এমনটাই করতে যাচ্ছে।’

মরক্কোর কাছে বেলজিয়ামের হারে ব্রাসেলসে দাঙ্গা

মরক্কোর কাছে রোববার গ্রুপের দ্বিতীয় ম্যাচে ২-০ গোলে বিস্ময়কর পরাজয়ে বিশ্ব র্যাংকিংয়ের দুই নম্বরে থাকা বেলজিয়ামের সামনে এখন বিশ্বকাপ থেকে ছিটকে পড়ার শঙ্কা দেখা দিয়েছে। দলের এই পরাজয় মানতে না পেরে রাজধানী ব্রাসেলসের রাস্তায় হাজারো ফুটবল সমর্থকরা বিক্ষোভে ফেটে পড়ে। দাঙ্গা পরিস্থিতি এমন পর্যায়ে

পৌঁছায় পুলিশ জলকামান ও টিয়ার গ্যাস ব্যবহার করতে বাধ্য হয়।

এসময় বেশ কিছু সমর্থক দোকানে হামলা চালিয়ে দরজা জানালা ভাঙচুর করে, যানবাহনে আগুন ধরিয়ে দেয়, রাস্তায় আগুন ধরিয়ে বিক্ষোভ প্রকাশ করতে থাকে। এমনকি ম্যাচ শেষে ডজনখানেক সমর্থক হুডি পড়ে মাথা ও মুখ আবৃত করে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

ব্রাসেলস পুলিশ এক বিবৃতিতে জানিয়েছে, সাধারণ জনগনের নিরাপত্তার স্বার্থে তারা সবকিছু করতে বাধ্য হয়েছে। এসময় স্থানীয় এক সাংবাদিকদের মুখ আগুনে ঝলসে গেছে বলে বিবৃবিতে নিশ্চিত করা হয়েছে। বিবৃতিতে ব্রাসেলসের কিছু কিছু নির্দিষ্ট স্থানে পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত সাধারণ জনগনের চলাচল নিষিদ্ধ করা হয়েছে। মেট্রো স্টেশন বন্ধ করে দেওয়া হয়েছে, বেশ কিছু রাস্তায় বেরিকেড দিয়ে বন্ধ ঘোষণা করা হয়েছে।

ব্রাসেলস মেয়র ফিলিপ ক্লোজ টুইটারে লিখেছেন, ‘আজ দুপুরে যা হয়েছে তা আমি স্বীকার করছি। পুলিশ তাদের শক্ত অবস্থান নিয়েছে। আমি সমর্থকদের এই মুহূর্তে সিটি সেন্টারে না আসার পরামর্শ দিব। সাধারণ জনগনের নিরাপত্তার স্বার্থে পুলিশের যা করা দরকার সেটা তারা করছে। যারা সমস্যা সৃষ্টি করছে তাদের আটকের নির্দেশ আমি দিয়েছি।

স্পেনের সঙ্গে কঠিন পরীক্ষায় জার্মানি

কাতারে এসে প্রথম খেলায় জার্মানি হোঁচট খায় জাপানের কাছে। অন্যদিকে কোস্টারিকার জালে গোল উৎসব পালন করে বিশাল জয় পায় স্পেন। আজ নিজেদের দ্বিতীয় খেলায় রাত ১টায় আলবাইত স্টেডিয়ামে স্পেনের মুখোমুখি হবে জার্মানি।

এবারের বিশ্বকাপে এটি প্রথম গ্রুপ পর্বে সবচেয়ে প্রতীক্ষিত এবং হাই-প্রোফাইল ম্যাচ। কারণ গ্রুপ‘ই’-এর এই ম্যাচে মুখোমুখি হতে চলেছে ইউরোপের দুই মহারথী এবং সর্বশেষ তিনটি বিশ্বকাপের মধ্যে

দুইটির বিজয়ী দল স্পেন এবং জার্মানি।

এই দুই দলের প্রত্যেকেই গত কয়েক বছর ধরে একই রকম পথে চলেছে। তারা উভয়েই বিশ্বকাপের শিরোপা জিতে সাফল্যের চূড়ায় যেমন পৌঁছেছে, ঠিক তেমনি তার পরের বিশ্বকাপে গ্রুপ পর্যায় থেকেই বিদায় নিয়ে লজ্জারও শিকার হয়েছে। উভয় দলই বেশ কয়েক বছর ধরে অনিশ্চয়তার মধ্য দিয়ে পথচলা সম্পন্ন করেছে এবং যুবা রক্তের উপর ভর করে আবারও নিজেদের হারানো ফুটবলীয় সাম্রাজ্যকে তিলে তিলে পুনঃগঠন করেছে। আবার নিজেদের সম্রাজ্য ফিরে পাবার লড়াইয়ে মরিয়া হয়ে উঠেছে।

কাতারে আসার আগে স্পেনের রেকর্ড বেশ ভালো। চলতি বছরে মোট ৮টি ম্যাচ খেলে স্প্যানিশরা জয়লাভ করতে পেরেছে মোট ৫টিতে, ২টিতে করেছে ড্র এবং পরাজিত হয়েছে মাত্র একটিতে। এ সময়কালে তারা মোট ১৫টি গোল করতে সক্ষম হয় এবং তাদের ৫টি জয়ের মধ্যে ৪টিতেই তারা ক্লিন শিটও রাখতে সমর্থ হয়। এরপর বিশ্বকাপের প্রথম খেলায় দেখায় নিজেদের টিকি-টাকার জাদু। ঐ খেলায় কোস্টারিকাকে অসহায় বোধ করিয়ে ৭ গোল করে জয় নিয়ে মাঠ ছাড়েন লুইস এনরিকের দলটি।

অন্যদিকে কাতার বিশ্বকাপ ২০২২ এ প্রবেশের পূর্বে জার্মানির সার্বিক ফরম মোটেও আশাব্যঞ্জক নয়। ২০২২ সালে মোট ৮টি ম্যাচ খেলে তারা কেবলমাত্র দুইটিতেই জয়ের দেখা পেয়েছে। এর মধ্যে আরো রয়েছে ৫টি ড্র (যার মধ্যে ছিল ১-১ স্কোরলাইনের টানা ৪টি ড্র) এবং একটি পরাজয়। এরপর বিশ্বকাপে নিজেদের প্রথম খেলায়ই এশিয়ার দল জাপানের কাছে পরাজয় বরণ করেন। ২-১ গোলের ব্যবধানে সেই ম্যাচটি হারে তারা।

পূর্বের অভিজ্ঞতা অনুসারে যে দলই ভালো খেলবে তার পক্ষেই যাবে ম্যাচের ফলাফল। তবে ইতিহাস জার্মানের পক্ষেই রায় দিলেও শেষ দেখা অনুসারে এগিয়ে থাকবে স্পেন।

কোটচাঁদপুরে ব্রাজিল-

আর্জেটিনা ভক্তদের ফুটবল ম্যাচ অনুষ্ঠিত

কাতার ফুটবল বিশ্বকাপে না কোটচাঁদপুর কেএমএইচ ডিগ্রি কলেজ মাঠে মুখোমুখি ব্রাজিল-আর্জেটিনা ফুটবল দল । এসকেএফ ফার্মাসিউটিক্যালর্সের আয়োজনে শনিবার বিকেলে এ খেলাটি অনুষ্ঠিত হয়। খেলায় জয়লাভ করেন আর্জেটিনা ফুটবল দল।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,শনিবার বিকেল ৩ টার সময় কোটচাঁদপুর কেএমএইচ ডিগ্রি কলেজ মাঠে ব্রাজিল-আর্জেটিনা ম্যাচটি অনুষ্ঠিত হয়। খেলায় অংশ গ্রহন করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার, কর্মকর্তা ও কর্মচারিরা। আর খেলাটি অনুষ্ঠিত হয় এসকেএফ ফার্মাসিউটিক্যালর্সের ইসোরাল মাপর্স ও অষ্টোক্যাল জে আরের সৌজন্যে।

খেলার নির্ধারিত সময় পার হয় গোল শুন্য অবস্থায়। তবে পরে খেলাটি ট্রাইবেকারে মীমাংসিত হয়। খেলায় জয়লাভ করেন আর্জেটিনা ফুটবল দল।

পরে জয়ীদের মধ্যে পুরস্কার বিতরন করা হয়। পুরস্কার বিতরন করেন কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

এ সময় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের কনসালট্যান্ট রাইসুল ইসলাম জুয়েল,আবাসিক মেডিকেল অফিসার কৃষ্ণ কমল পাল সাগর, মেডিকেল অফিসার রাজিয় সুলতানা, এস কে এফ ফার্মাসিউটিক্যালের এ এস এম টিপু সুলতান, এফ এম রঞ্জু রয়,সিনিয়র এম এস ও রুহি দাস সাহা,সাইদুর রহমান।

টফি অ্যাপে ব্রাজিল- সার্বিয়ার

ম্যাচ দেখেছেন ৮০ লাখ দর্শক

আজ শুক্রবার টফি অ্যাপে কাতারে অনুষ্ঠিত বিশ্বকাপ ফুটবলের ব্রাজিল-সার্বিয়ার ম্যাচ দেখেছেন ৮০ লাখ দর্শক। গত মঙ্গলবার টফি অ্যাপে আর্জেন্টিনা-সৌদি আরব ম্যাচ দেখেছেন ১ কোটির বেশি দর্শক । কিন্তু আজ ব্রাজিল-সার্বিয়ার ম্যাচ রাতে হওয়াতে তুলানামুলক কম দর্শক দেখেছেন । ডিজিটাল বিনোদন অ্যাপটির কর্তৃপক্ষ প্রথম আলোকে এ তথ্য জানিয়েছে।

উল্লেখ্য, ফিফা বিশ্বকাপ ২০২২–এর ম্যাচগুলো স্মার্টফোনে সরাসরি দেখাচ্ছে টফি।

গুগল প্লে এবং অ্যাপ স্টোর থেকে টফি অ্যাপ নামিয়ে স্মার্টফোনের পাশাপাশি অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেমে চলা টেলিভিশনে বিশ্বকাপের খেলা দেখা যায়। অ্যাপের পাশাপাশি https://toffeelive.com/ ঠিকানার ওয়েবসাইটেও খেলা দেখা যাবে।

গোলশূন্য থেকে বিরতিতে ইরান-ওয়েলস

কাতার বিশ্বকাপে গ্রুপ ‘বি’ এর নিজেদের দ্বিতীয় ম্যাচে বাঁচা- মরার লড়াইয়ে ওয়েলসের বিপক্ষে মাঠে নামছে ইরান। বাংলাদেশ সময় ৪ টায় আহমাদ বিন আলী স্টেডিয়ামে মাঠে নামে দু’দল। প্রথমার্ধ শেষে গোলশূন্য সমতায় থেকে বিরতিতে গেছে ওয়েলস ও ইরান।

ম্যাচের শুরু থেকেই লম্বা পাসে খেলার চেষ্টা করে ইরান। অন্যদিকে ছোট ছোট পাস খেলে আক্রমণে ওঠার চেষ্টা করে ওয়েলস। ম্যাচের ৯ মিনিটে গুছিয়ে আক্রমণে ওঠে ইরান। তবে তা থেকে কোন বিপদের সৃষ্টি করতে পারেনি তারা। ম্যাচের ১২ মিনিটে ডান দিক রবার্টসের ক্রস থেকে ইরানের গোলমুখে শট করেন রেমসি। তবে ইরানের গোলরক্ষক হোসেইন হোসেইনি দারুণ সেভে দলকে রক্ষা করেন।

ম্যাচের ১৬ মিনিটে ওয়েলসের জালে বল জড়ান আলি ঘুলিজাদে। তবে তা অফ সাইডের কারণে বাতিল করে দেন রাফারি। ম্যাচের ২২ মিনিটে পাওয়া ফ্রি কিক থেকে হেড করেন সরদার আজমৌন। তবে তা চলে যায় ওয়েলসের গোলপোস্টের বাইর দিয়ে। ম্যাচের ২৬ মিনিটে কাউন্টার অ্যাটাকে যায় ইরান। কিন্তু ওয়েলসের ডিফান্ডার তা ক্লিয়ার করে দেন।

এরপর দুদলই আক্রমণ পাল্টা আক্রমণে খেলতে থাকে। তবে গোলের তেমন কোন সুযোগ সৃষ্টি করতে ব্যর্থ হয় ইরান ও ওয়েলস। ম্যাচের ৪২ মিনিটে ওয়েলসের পাওয়া কর্নার থেকে বিপদের আভাস দিলেও তা খুব সহজেই নিজের গ্লোভসে নেন হোসেইন হোসেইনি। ম্যাচের অতিরিক্ত সময়ে ডান দিক থেকে বাড়ানো বলে পা ছোঁয়াতে ব্যর্থ হন সরদার আজমৌন। ফলে গোলের দেখা পাওয়া হয় না ইরানের।

এরপর মেহেদী তারেমিকে ফাউল করার কারণে হলুদ কার্ড দেখেন জো রোডন। ফ্রি কিক থেকে সুযোগ সৃষ্টি হলেও গোল করতে ব্যর্থ হয় ইরান। শেষ পর্যন্ত গোলশুন্য থেকে বিরতিতে যায় ওয়েলস ও ইরান।

ক্যামেরুনের বিপক্ষে এক গোলের জয় সুইজারল্যান্ডের

কাতার বিশ্বকাপে গ্রুপ ‘জি’ এর প্রথম ম্যাচে আফ্রিকার দেশ ক্যামেরুনকে এক গোলে হারিয়ে বিশ্বকাপ অভিযান শুরু করলো সুইজারল্যান্ড। বৃহস্পতিবার (২৪ নভেম্বর) বাংলাদেশ ৪ টায় মাঠে নামে এই দু’দল। প্রথম ম্যাচ জিতে বিশ্বকাপ শুভসূচনা করলো সুইজারল্যান্ড।

ম্যাচের শুরু থেকেই ক্যামেরুনের ওপর বেশ চড়াও হয়ে খেলতে থাকে সুইজারল্যান্ড। তবে ম্যাচের ১০ মিনিটে কাউন্টার অ্যাটাক থেকে ভালো সুযোগ তৈরী করে ক্যামেরুন। তবে গোল করতে ব্যর্থ হয় তারা। প্রথমে ক্যামেরুনের নেওয়া জোড়ালো শট রুখে সুইস গোলরক্ষক সোমার। ফিরতি বলে নেওয়া শট চলে যায় ক্রসবারের ওপর দিয়ে। ফলে প্রথম সুযোগ হাত ছাড়া হয় ক্যামেরুনের।

ম্যাচের ১৪ মিনিটে মাঝমাঠে থেকে বল নিয়ে একক প্রচেষ্টায় এগিয়ে যায় ক্যামেরুনের চৌপো-মোটিং। ডি বক্সে ঢুকে তার নেওয়া দুর্বল শট আবারও রুখে দেন সোমার। অন্যদিকে বেশ কয়েকবার গুছিয়ে আক্রমণে যায় সুইজারল্যান্ড। তবে গোলের দেখা পায় না তারা। ম্যাচের ২৩ মিনিটে আবারও কাউন্টার অ্যাটাকে যায় ক্যামেরুন। তবে বল জালে জড়াতে ব্যর্থ হয় ক্যামেরুন।

ম্যাচের ২৯ মিনিটে সাজানো আক্রমণ করে ক্যামেরুন। ডি বক্সে ঢুকে প্লেসিং শট রুখে দেন সোমার। পরে কর্নারের মাধ্যমে বল ক্লিয়ার করেন সুইস ডিফেন্ডার। ম্যাচের ৩৫ মিনিটে সহজ সু্যোগ পায় ক্যামেরুন। তবে বল জালে জড়াতে ব্যর্থ হয় তারা। ডান দিক থেকে বাড়ানো বলে পা ছোঁয়াতে ব্যর্থ হয় ক্যামেরুনের স্ট্রাইকার। ম্যাচের ৩৬ মিনিটে ফাউল করার কারণে ম্যাচের প্রথম হলুদ কার্ড দেখেন ক্যামেরুনের কলিনস ফাই।

ম্যাচের ৩৯ মিনিটে সুইজারল্যান্ডের ব্রেল এমবোলো ডি বক্সে বল নিয়ে ঢুকে যায়। তবে ডিফেন্ডারের নির্ভুল ট্যাকেলে বিপদ মুক্ত করে ক্যামেরুন। ম্যাচের ৪০ মিনিটে সুইজারল্যান্ডের গোলপোস্ট লক্ষ্য করে জোড়ালো শট করে চৌপো-মোটিং। তবে টা ডিফেন্ডারের গায়ে লেগে প্রতিহত হয়।

ম্যাচের অতিরিক্ত সময়ে বা দিক দিয়ে ক্রস করে শাকিরি। তবে সেই বলে মাথা ছোঁয়াতে ব্যর্থ হয় সুইস স্ট্রাইকাররা। শেষ পর্যন্ত গোল না হলে গোলশূন্য থেকে বিরতিতে যায় সুইজারল্যান্ড-ক্যামেরুন।

বিরতি থেকে ফিরেই গোলের দেখা পায় সুইজারল্যান্ড। ম্যাচের ৪৭ মিনিটে সাজানো আক্রমণ থেকে গোল করেন ব্রেল এমবোলো। ডান দিক থেকে শাকিরির ক্রস থেকে বল জালে জড়ান এমবোলো।

ম্যাচের ৫৬ মিনিটে বল নিয়ে সুইজারল্যান্ডের ডি বক্সে ঢুকে পড়ে চৌপো-মোটিং। কিন্তু আবারও টা রুখে দেন সুইস গোলরক্ষক সোমার। ম্যাচের ৬৬ মিনিটে কাউন্টার অ্যাটাকে যায় সুইজারল্যান্ড। ডান দিক থেকে বাড়ানো বলে পা ছোঁয়ালেও ক্যামেরুনের গোলরক্ষক আন্দ্রে ওনানা টা রুখে দেন। কর্নার পায় সুইজারল্যান্ড। কর্নার থেকে সুযোগ পেলেও তা কাজে লাগাতে পারেননি সুইস স্ট্রাইকার। এরপর দুদলই বেশ কয়েকটি আক্রমণ চালালেও গোল করতে ব্যর্থ হয়।

ম্যাচের ৮০ মিনিটে দূর থেকে আচমকা শট করে ক্যামেরুন। তবে তা চলে

যায় গোলপোস্টের বাইর দিয়ে। ম্যাচের ৮২ মিনিটে বাম প্রান্ত দিয়ে আক্রমণ সাজায় সুইজারল্যান্ড। তবে তা কর্নারের বিনিময়ে ক্লিয়ার করে ক্যামেরুনের ডিফেন্ডার। ম্যাচের ৮৯ মিনিটে ডি বক্সের বাইর থেকে শট করেন জাকা। তবে তা রুখে দেন ক্যামেরুনের গোলরক্ষক আন্দ্রে ওনানা। ম্যাচের শেষ দিকে গোলের সুজোগ তৈরী করলেও তা ক্যামেরুন ডিফেন্ডারের গায়ে লেগে প্রতিহত হয়। শেষ পর্যন্ত আর কোন গোল না হলে ১ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে সুইজারল্যান্ড।

বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপে অংশ নিতে খুলনায় মেহেরপুরের জেলা পুরুষ ও নারী দল

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপ ফুটবল খেলায় অংশগ্রহণের জন্য মেহেরপুর জেলা পুরুষ ও নারী দল খুলনার উদ্দেশ্যে আজ বুধবার (২৩ নভেম্বর) সকালের রওনা দিয়েছে।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান অংশগ্রহণকারীদের শুভ কামনা জানিয়ে বিদায় জানান। এসময় মেহেরপুর ক্রীড়া অফিসের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গোল্ডকাপ খেলায় অংশগ্রহণের জন্য ২২ সদস্যের মেহেরপুর জেলা পুরুষ দল ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ড কাপে অংশগ্রহণের জন্য ২১ সদস্যের মেহেরপুর জেলা মেয়ে দল নির্বাচিত করা হয়েছে।

বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপে জেলা মেয়ে দলের সদস্যরা হলেন বন্যা, শ্রাবনী, সুমাইয়া, আদুরী, শনিতা, জুঁই, জুথি, কবিতা, রিয়া রোমানা, রিংকি, শাপলা, সিমি, রিংকি, সুমাইয়া, হালিমা, রিমা, তামান্না, নুপুর, সোনিয়া, মোহনা এবং মুসলিমা।

ছেলে দলের সদরা হলেন লিখন, ইমরান, জিহাদ, আশিক, বায়েজিদ, সাকলাইন, সায়েম আহমেদ, ওবায়দুল ইসলাম, সাদউল্লাহ, আরাফাত, অনিক, হুসাইন, সৌরভ, রিমন রেজা, বারিউল, শামীম রেজা, সোহান মিয়া, গাফফারুল, আবু সায়ীদ, সাব্বির এবং লালচাঁদ।

জাতীয় ক্রীড়া পরিদপ্তরের উদ্যোগে খুলনায স্টেডিয়ামে এই খেলা অনুষ্ঠিত হবে।